# কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ

মির্জাপুর, টাঙ্গাইল।

কলেজ ও ছাত্রীনিবাসের নিয়মাবলীঃ

১। কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ একটি সম্পূর্ণ আবাসিক মেডিকেল কলেজ। সকল ছাত্রীদের ছাত্রীনিবাসে থাকা ও ডাইনিং এ খাওয়া বাধ্যতামূলক।

২। ক্লাসে বা ওয়ার্ডে এবং হোষ্টেলে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোন ছাত্রী অনুপস্থিত থাকতে পারবেনা।

৩। প্রতিমাসে যেকোন শুক্রবার এবং সরকারী ছুটির দিন অনুমতি পত্র (গেইট পাস) নিয়ে ছাত্রীনিবাস ত্যাগ করা যাবে।

৪। শৃঙ্খলা বহির্ভুত যে কোন কাজের জন্য কলেজ কর্তৃক অভিভাবক কে অবহিত করা হবে এবং কলেজ শৃঙ্খলা কমিটি কর্তৃক শাস্তি নির্ধারন ও এমনকি ছাত্রীত্ব বাতিল করা হতে পারে।

৫। কোন রকম রাজনৈতিক কর্মকান্ড, রাজনৈতিক সংগঠনের সাথে সম্পৃক্ততা, ছাত্র সংগঠন বা সংসদ গঠন করা সম্পূর্নভাবে নিষিদ্ধ। কলেজ ক্যাম্পাসে কর্তৃপক্ষের অনুমতিক্রমে ছাত্রীদের মধ্যে ক্রীড়া ও সাংস্কৃতিক, সামাজিক ও সেবামূলক সংগঠন করা যাবে ।

৬। সকল ছাত্রীদের শৃঙ্খলা, শালীনতা ও পারস্পরিক সম্মান বজায় রাখতে হবে। যে কোন ধরনের ছাত্রী হয়রানি, র‍্যাগিং, বুলিং ও অসদাচরণ শাস্তিযোগ্য অপরাধ। প্রতিষ্ঠানের সকল শিক্ষক, ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারী, রোগী বা রোগীর লোকজনের সাথে সৌজন্যমূলক ব্যবহার করতে হবে; অসৌজন্যমূলক ব্যবহার শাস্তি যোগ্য অপরাধ বলে গন্য হবে।

৭। কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে অধ্যয়নকালীন সময়ে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত সীটে থাকতে হবে। অনুমতি ব্যতিরেকে অনুমোদিত সীট পরিবর্তন করা যাবে না।

৮। রুমে উচ্চস্বরে গান বাজানো, শব্দ করা, রান্না করা বা আড্ডা দেওয়া থেকে বিরত থাকতে হবে এবং রুমে শিক্ষাবান্ধব পরিবেশ বজায় রাখতে হবে।

৯। ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান ও অন্যান্য অনুষ্ঠান আয়োজন করতে চাইলে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে করতে পারবে।

১০। ভর্তির পূর্বে বা পরে ছাত্রীর যদি কোন স্বাস্থ্যগত সমস্যা থাকে, সেই ক্ষেত্রে তার চিকিৎসার দায়দায়িত্ব অভিভাবককে বহন করতে হবে।

১১। সকল ছাত্রীকে লাইব্রেরী অথবা হাসপাতালের কার্যক্রম সম্পন্ন করে রাত ৯.৩০ মিনিটের মধ্যে অবশ্যই হোস্টেলে প্রবেশ করতে হবে এবং রাত ১০.০০ টায় সুপারভাইজার কর্তৃক ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করা হবে।

১২। ডাইনিং রুম ও হোস্টেল ছাড়া সকল শিক্ষা কার্যক্রমের জন্য এপ্রোন পরতে হবে এবং কলেজ ক্যাম্পাসের বাহিরে এপ্রোন পরে যাওয়া যাবে না তবে আই.ডি কার্ড সঙ্গে রাখতে হবে। ইহা সকল বর্ষের ছাত্রীদের জন্য প্রযোজ্য।

১৩। প্রত্যেক ছাত্রী নিজ দায়িত্বে নিজ কক্ষ পরিস্কার পরিচ্ছন্ন ও গুছিয়ে রাখবে এবং ক্যাম্পাসে সর্বত্র পরিস্কার-পরিচ্ছন্নতা সহ পরিবেশ সংরক্ষণ করবে।

১৪। মূল্যবান জিনিসপত্র (মোবাইল, ল্যাপটপ, গহনা, নগদ টাকা ইত্যাদি) নিরাপদ স্থানে সংরক্ষণের জন্য তালা ব্যবহার করতে হবে।

১৫। এই ক্যাম্পাসের অন্যান্য প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রমের ব্যাঘাত ঘটে এমন কিছু করা যাবে না।

১৬। কলেজ কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত সকল অনুষ্ঠানে উপস্থিত থাকা বাধ্যতামূলক।

ছাত্রীর স্বাক্ষর ও তারিখ

চলমান পাতা -২

28.03.26

# কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ

মির্জাপুর, টাঙ্গাইল।



১৭। পিতা, মাতা ও তাঁদের অনুমোদিত একজনসহ -মোট ৩ (তিন) জন অভিভাবক (কর্তৃপক্ষ কর্তৃক পূর্ব অনুমোদিত) পরিচয়পত্রসহ কলেজ ক্যান্টিন ও হোস্টেল ওয়েটিং রুমে, বিকাল ৩.০০ টা থেকে সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত সাক্ষাৎ করতে পারবে। শুক্রবার ও ছুটির দিন সকাল ৯.০০ টা হতে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট ছাত্রীদের সাথে নির্ধারিত স্থানে সাক্ষাৎ করতে পারবেন। প্রতিষ্ঠানের নিরাপত্তা, শৃঙ্খলা ও শিক্ষার সার্বিক পরিবেশ রক্ষার স্বার্থে কোন ক্রমেই অন্য কোনদিন নির্দিষ্ট সময়ের বাইরে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত সাক্ষাতের সুযোগ পাবেন না।

১৮। কোন ছাত্রীর অভিভাবক, আত্মীয়-স্বজন, বন্ধু বান্ধব ছাত্রীবাসে প্রবেশ করতে পারবে না এবং রাত্রি যাপন করতে পারবেন না।

১৯। ডাইনিং হলে নির্ধারিত সময়ে দুপুর ও রাতের খাবার গ্রহন করতে হবে। সময়ঃ মধ্যাহ্ন ভোজ ১.৩০ মিঃ থেকে ৩.৩০ মিঃ পর্যন্ত এবং রাত্রের খাবার ৭.০০ টা থেকে ৯.৩০ মিঃ পর্যন্ত (সময় পরিবর্তন যোগ্য)। মেসচার্জ প্রতিমাসের ৭ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

২০। নিজ কক্ষে বা কমপ্লেক্সের কোন স্থানে রান্না করা যাবে না। শুধু মাত্র নির্ধারিত টি রুমেই চা নাস্তা তৈরি করতে পারবে। টি রুমের গ্যাসের চুলা ব্যবহারে সতর্ক থাকতে হবে, গ্যাসের চুলা ব্যবহারের সময় চুলার কাছে থাকতে হবে এবং ব্যবহারের পর নিজ দায়িত্বে চুলা বন্ধ করতে হবে।

২১। ব্যক্তিগত আলমারী, টিভি, বৈদ্যুতিক সরঞ্জাম যেমনঃ ইস্ত্রি, রুমহিটার, ওয়াটার হিটার, চুলা, রাইস কুকার ইত্যাদি ব্যবহার করা নিষিদ্ধ। কক্ষ ত্যাগের পূর্বে এসি, লাইট ও ফ্যানের সুইচ বন্ধ করতে হবে।

২২। কর্তৃপক্ষের অনুমতিক্রমে প্রতি রুমে ৪ জন মিলে ১ টি ৭ সিএফটি বা তার নিচে ফ্রীজ ব্যবহার করা যাবে তবে এজন্য চারজন মিলে অধ্যক্ষ বরাবর আবেদন করতে হবে। রুম প্রতি একজনকে বিল ও যাবতীয় রক্ষনাবেক্ষনের দায়িত্ব গ্রহণ করে যৌথভাবে প্রতিমাসে ৮০০/- (আটশত) টাকা বৈদ্যুতিক বিল পরিশোধ করতে হবে। রুম পরিবর্তনের পূর্বে অবশ্যই বকেয়া বিল পরিশোধ করতে হবে।

২৩। হোস্টেলে নিজ কক্ষে ব্যবহৃত বৈদ্যুতিক বাল্ব ফিউজ হলে এবং ফ্যানের ক্যাপাসিটর নষ্ট হলে প্রত্যেক ছাত্রীকে নিজ খরচে নতুন বাল্ব ও ক্যাপাসিটর ক্রয় করতে হবে এবং হোস্টেল সুপারভাইজারকে জানালে কর্তৃপক্ষ বাল্ব ও ক্যাপাসিটর লাগানোর ব্যবস্থা করবে।

২৪। চলতি মাসের ৭ তারিখের মধ্যেই ধার্যকৃত ফি সমূহ যেমনঃ হোস্টেল চার্জ, টিউশন ফি এবং সেশন চার্জ পরিশোধ করতে হবে। অন্যথায় প্রতিদিনের জন্য নির্ধারিত হারে জরিমানা দিতে হবে।

২৫। কোন ছাত্রী ছাত্রীনিবাসে অসুস্থ হয়ে পড়লে তাৎক্ষনিকভাবে সুপারভাইজারের মাধ্যমে হোস্টেল সুপারিনটেনডেন্ট/ সহকারী হোস্টেল সুপারিনটেনডেন্ট কে জানাতে হবে।

২৬। সরকার অথবা কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত নতুন অথবা পরিবর্তিত বিধিমালা আবশ্যিকভাবে মেনে চলতে হবে।

২৭। প্রতিষ্ঠানের সম্মান অক্ষুন্ন রাখতে প্রতিষ্ঠান বিরোধী কোন ধরনের অগ্রহণযোগ্য পোস্ট বা অসম্মানজনক মন্তব্য ও গুজব সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা সম্পূর্ণ নিষিদ্ধ এবং শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

২৮। এই প্রতিষ্ঠানের সুনাম অক্ষুন্ন রাখতে ও ছাত্রীদের নিরাপত্তা রক্ষার্থে উপরোক্ত বিধিমালা অবশ্যই পালনীয়। প্রয়োজন অনুসারে এই বিধিমালা পরিবর্তিত ও পরিবর্ধিত হতে পারে।

## অঙ্গীকার নামা

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, এই কলেজে ভর্তি হবার পর ভর্তি বাতিল করে কলেজ ত্যাগ করতে চাই তবে আমি আমার ভর্তি কালীন জমাকৃত কোন প্রকার ফি এর অর্থ ফেরত চাইব না এবং উপরোক্ত সকল নিয়মাবলী আমরা মেনে চলতে বাধ্য থাকবো।

--------------------

ছাত্রীর স্বাক্ষর ও তারিখ

ছাত্রীর নামঃ

রোল নম্বরঃ

সেশনঃ

--------------------------

অভিভাবকের স্বাক্ষর ও তারিখ

নামঃ

সম্পর্কঃ

২৪.০৩.২০